# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৫৫৩

১/ বিবিধ

আরবী

عادي الأرض لله وللرسول، ثم لكم من بعد، فمن أحيا أرضا ميتة فهي له، وليس لمحتجر حق بعد ثلاث سنين
منكر بهذا التمام

أخرجه أبو يوسف صاحب أبي حنيفة في " كتاب الخراج " (ص 77) قال: حدثني ليث عن طاووس قال: قال رسول الله صلى الله عليه وسلم، فذكره. قلت: وهذا إسناد ضعيف فيه ثلاث علل: الأولى: الإرسال من طاووس، فإنه تابعي. الثانية: ضعف ليث وهو ابن أبي سليم لاختلاطه كما بينه ابن حبان في " كتاب المجروحين " (1 / 57 و2 / 231)

الثالثة: أبو يوسف فيه ضعف من قبل حفظه، قال الفلاس: " صدوق كثير الخطأ " وضعفه البخاري وغيره ووثقه ابن حبان وغيره
قلت: وقد تفرد بقوله في آخر الحديث: " وليس لمحتجر.... " فقد أخرجه يحيى بن آدم في " كتاب الخراج " (ص 85، 86، 88) والبيهقي في سننه (6 / 143) من طرق كثيرة عن ليث به مرسلا بدون هذه الزيادة، فهي منكرة
وكذلك أخرجه الشافعي (2 / 204) والبيهقي عن سفيان الثوري عن ابن طاووس مرسلا. ووصله البيهقي عن ابن طاووس عن أبيه عن ابن عباس مرفوعا
وقال: " تفرد به معاوية بن هشام مرفوعا موصولا ". قلت: ومعاوية فيه ضعف،

والصواب في الحديث مرسل. ثم إن هذه الزيادة رواها أبو يوسف أيضا موقوفا على عمر رضي الله عنه فلعله الصواب. قال أبو يوسف: وحدثني محمد بن إسحاق عن الزهري عن سالم بن عبد الله. " أن عمر بن الخطاب رضي الله عنه قال على المنبر: " من
أحيا أرضا ميتة فهي له، وليس لمحتجر حق بعد ثلاث سنين " وذلك أن رجالا كانوا يحتجرون من الأرض ما لا يعملون ". وهذا سند منقطع في موضعين، لكن رواه يحيى بن آدم (ص 90) وأبو عبيد القاسم بن سلام (ص 290) عن سالم بن عبد الله عن أبيه قال: كان الناس يحتجرون على عهد عمر رضي الله عنه فقال: من أحيا أرضا فهي له. قال يحيى: كأنه لم يحلها له بالتحجير حتى يحييها. وهذا سند صحيح إلى عمر، ولكن ليس فيه " وليس لمحتجر ...
لكن يظهر أن هذه الجملة ثابتة عن عمر، فقد رواها أبو يوسف عنه من طريق ثانية، ويحيى من طريق ثالثة، وهي
وإن كانت لا تخلومن ضعف فبعضها يقوي بعضا. وجملة القول: أن هذه الزيادة رفعها منكر، والصواب أنها من قول عمر، وأما الجملة الأولى من الحديث فضعيفة لإرسالها. وأما قوله: " من أحيا أرضا ميتة فهي له " فهي ثابتة عن النبي صلى الله عليه وسلم من طرق أخرى عند أبي داود وغيره، وللبخاري معناه، وقد خرجتها في " الإرواء " (1548) ، وبعضها في " الأحاديث الصحيحة " رقم (568) من المجلد الثاني منه، وقد تم طبعه قريبا والحمد لله

فائدة فقهية

اعلم أن الإحياء غير التحجير، وقد بين الفرق بينهما يحيى بن آدم أحسن بيان فقال (ص 90) : " وإحياء الأرض أن يستخرج فيها عينا أو قليبا أو يسوق إليها الماء، وهي أرض لم تزرع، ولم تكن في يد أحد قبله يزرعها أو يستخرجها حتى تصلح للزرع، فهذه لصاحبها أبدا، لا تخرج من ملكه، وإن عطلها بعد ذلك، لأن رسول الله صلى الله عليه وسلم قال: " من أحيا أرضا فهي له "، فهذا إذن من رسول الله صلى الله عليه

وسلم فيها للناس، فإن مات فهي لورثته وله أن يبيعها إن شاء " قال
" والتحجير، فهو غير الإحياء، قال ابن المبارك: التحجير أن يضرب على الأرض من
الأعلام والمنار فهذا الذي قيل فيه إن عطلها ثلاث سنين فهي لمن أحياها بعده ".
ويظهر أن هذا الفرق الواضح لم ينتبه له رئيس حزب التحرير الإسلامي فإنه احتج
بهذا الحديث المنكر في كتابه " النظام الاقتصادي في الإسلام " (ص 20) على أنه
يشترط في إحياء الأرض الموات أن يستثمرها مدة ثلاث سنوات من وضع يده عليها،
وأن يستمر هذا الإحياء باستغلالها فإن لم يفعل سقط حق ملكيته لها
والحديث مع أنه منكر ليس فيه الشرط المذكور، ولا هو في الإحياء كما هو ظاهر
بأدنى تأمل، وكم له أولحزبه مثل هذا الاستدلال الباطل، والاحتجاج بالأحاديث المنكرة
والأخبار الواهية

বাংলা

৫৫৩। সাধারন যমীন আল্লাহ্ ও তাঁর রাসূলের জন্য, তারপর তোমাদের জন্য। অতএব যে ব্যাক্তি কোন মৃত যমীনকে চাষাবাদ করবে তা তার জন্যই। চাষাবাদ না করে তিন বছর দখলে রাখার পর তাতে তার আর কোন হক নেই।

হাদিছটি এ সমাপ্তির দ্বারা মুনকার।

এটিকে ইমাম আবূ হানীফাহ (রহঃ) এর সাথী আবূ ইউসুফ (রহঃ) "কিতাবুল খিরাজ" (পৃঃ ৭৭) গ্রন্থে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ হাদিসটির সনদ তিনটি কারণে দুর্বল।

১। তাউস হতে মুরসাল হিসেবে বর্ণিত হয়েছে। তিনি একজন তাবে’ঈ।

২। তাউস হতে বর্ণনাকারী লাইছ ইবনু আবী সুলায়েম দুর্বল, তার মস্তিষ্ক বিকৃতি ঘটার কারণে যেমনটি ইবনু হিব্বান "কিতাবুল মাজরূহীন" (১/৫৭, ২/২৩১) গ্রন্থে বর্ণনা করেছেন।

৩। আরেক বর্ণনাকারী আবূ ইউসূফের মধ্যে হেফযের দিক দিয়ে দুর্বলতা রয়েছে। তার সম্পর্কে ফাল্লাস বলেনঃ তিনি সত্যবাদী বহু ভুলকারী। তাকে ইমাম বুখারী ও অন্য বিদ্বানগন দুর্বল আখ্যা দিয়েছেন আর ইবনু হিব্বানসহ অন্য বিদ্বানগন নির্ভরযোগ্য আখ্যা দিয়েছেন।

আমি (আলবানী) বলছিঃ তিনি হাদিসের শেষাংশটি ( ليس لمحتجر ) এককভাবে বর্ণনা করেছেন। কারণ ইয়াহইয়া ইবনু আদম "কিতাবুল খিরাজ" (পৃঃ ৮৫,৮৬,৮৮) গ্রন্থে এবং বাইহাকী তার "সুনান" (৬/১৪৩) গ্রন্থে বহু সূত্রে লাইছ হতে মুরসাল হিসাবে উল্লেখিত বর্ধিত শেষাংশটি ছাড়াই বর্ণনা করেছেন। বর্ধিত অংশটুকু মুনকার।

ইমাম শাফেঈ এবং বাইহাকী অন্য সূত্রেও তাউস হতে মুরসাল হিসাবে বর্ণনা করেছেন। বাইহাকী মওসূল হিসাবেও বর্ণনা করেছেন। তবে তাতে মুয়াবিয়া ইবনু হিশাম এককভাবে বর্ণনা করেছেন। এই মুয়াবিয়া দুর্বল। অতএব মওসূল হিসাবে সঠিক নয়।

আবূ ইউসুফ উমার (রাঃ) হতে নিম্নোক্ত ভাষায় মওকুফ হিসাবেও বর্ণনা করেছেনঃ

من أحيا أرضا ميتة فهي له، وليس لمحتجر حق بعد ثلاث سنين " وذلك أن رجالا كانوا يحتجرون من الأرض ما لا يعملون

যে ব্যক্তি কোন মৃত যমীনকে চাষাবাদ করবে তা তার জন্যই। চাষাবাদ না করে তিন বছর দখলে রাখার পর তাতে তার আর কোন হক নেই। এটি এ কারণে যে, লোকেরা যমীনে চাষাবাদ না করে নিশানা লাগিয়ে দখলে রাখত।’

তার এ বর্ণনাতে দুই জায়গায় সনদে বিচ্ছিন্নতা রয়েছে। কিন্তু ইয়াহইয়া ইবনু আদম (৯০) এবং আবু ওবায়েদ ইবনু সালাম (পৃঃ ২৯০) নিম্নের ভাষায় বর্ণনা করেছেনঃ

كان الناس يحتجرون على عهد عمر رضي الله عنه فقال: من أحيا أرضا فهي له. قال يحيى: كأنه لم يحلها له بالتحجير حتى يحييها

লোকেরা উমার (রাঃ)-এর যুগে নিশানা লাগিয়ে যমীন দখল করে রাখত। এমতাবস্থায় তিনি বললেনঃ যে ব্যক্তি কোন মৃত যমীনকে চাষাবাদ করবে তা তার জন্যই। ইয়াহইয়া বলেনঃ তিনি যেন চাষাবাদ না করে যমীনকে দখলে রাখাকে হালাল হিসাবে দেখেননি।

এটির সনদটি উমার (রাঃ) পর্যন্ত সহীহ। তবে ليس لمحتجر এই বর্ধিত অংশটুকু নেই।

তবে প্রতীয়মান হচ্ছে যে এ বর্ধিত অংশটুকু উমার (রাঃ) হতে সাব্যস্ত হয়েছে। আবূ ইউসুফ দ্বিতীয় এবং ইয়াহইয়া তৃতীয় সূত্রেও বর্ণনা করেছেন। যদিও সেগুলো দুর্বলতা হতে মুক্ত নয় তবুও একটি আরেকটিকে শক্তি যোগাচ্ছে।

মোটকথাঃ বর্ধিত অংশটুকু মারফু হিসাবে মুনকার। উমার (রাঃ)-এর কথা হিসাবে সঠিক। তবে আলোচ্য হাদীছটির প্রথম বাক্যটি দুর্বল মুরসাল হওয়ার কারণে। আরله من أحيا أرضا ميتة فهي এটি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে সাব্যস্ত হয়েছে যেটিকে ইমাম আবু দাউদ সহ অন্য বিদ্বানগণ বর্ণনা করেছেন। ইমাম বুখারীও অনুরূপ অর্থের হাদীছ বর্ণনা করেছেন। দেখুন ইরওয়া হাঃ নং (১৫৪৮)।

হাদিসের মান: মুনকার (সহীহ হাদীসের বিপরীত) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=71432

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন